

তুমি আরেকবার আসিয়া লিরিক্স:-

তুমি আরেকবার আসিয়া
যাও মোরে কান্দাইয়া,
তুমি আরেকবার আসিয়া
যাও মোরে কান্দাইয়া,
আমি মনের সুখে একবার কাঁদতে চাই।

পোড়া বুকে দারুণ খরা
চোখের পানি চোখে নাই,
আরেকবার আসিয়া
যাও মোরে কান্দাইয়া,
তুমি আরেকবার আসিয়া
যাও মোরে কান্দাইয়া,
আমি মনের সুখে.. একবার কাঁদতে চাই।

না পারিলাম বাঁচতে আমি
না পারিলাম মরতে..
না পারিলাম পীরিতের ওই
সোনার পাখি ধরতে। (X2)

আমি এ কুল থেকে ও কুল গেলাম
ঘাটে ঘাটে চোখ রাখিলাম,
আশায় আশায় ছিলাম যদি তোমার দেখা পাই,
আরেকবার আসিয়া
যাও মোরে কান্দাইয়া,
তুমি আরেকবার আসিয়া
যাও মোরে কান্দাইয়া,
আমি মনের সুখে.. একবার কাঁদতে চাই।

না বাঁধিলাম ডাঙাতে ঘর
না ডুবিলাম জলে..
না পাইলাম কুল কারো মনে
না ভাসলাম অকূলে। (X2)

তোমায় নাইবা পেলাম এই জনমে
সঙ্গী হবো তোমার সনে,
সকল বান্ধন ছিঁড়া যখন ওই পারেতে যাই
আরেকবার আসিয়া
যাও মোরে কান্দাইয়া।
তুমি আরেকবার আসিয়া
যাও মোরে কান্দাইয়া,
আমি মনের সুখে একবার কাঁদতে চাই।

পোড়া বুকে দারুণ খরা
চোখের পানি চোখে নাই,
আরেকবার আসিয়া
যাও মোরে কান্দাইয়া,
তুমি আরেকবার আসিয়া
যাও মোরে কান্দাইয়া,
আমি মনের সুখে...

একবার কাঁদতে চাই।